

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
কালুখালী, রাজবাড়ী।
www.kalukhali.rajbari.gov.bd

বিষয়	:	করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগের ০৪/০৪/২০২১ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০. ৪১৪. ১৬. ০০৩.২০.১১১ নং স্মারকপত্রের নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত গঠিত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী
সভাপতি	:	শেখ নুরুল আলম উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), কালুখালী, রাজবাড়ী।
তারিখ	:	০৫/০৪/২০২১ খ্রিস্টাব্দ।
সময়	:	১২.০০ ঘটিকা।
স্থান	:	উপজেলা নির্বাহী অফিসার এর অফিস কক্ষ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন যে, করোনাভাইরাসের সংক্রমন উদ্বেগজনক হারে বেড়ে যাওয়ায় মন্ত্রিপরিষদ বিভাগের ০৪/০৪/২০২১ খ্রিঃ তারিখের ০৪.০০.০০০০.৪১৪.১৬.০০৩.২০.১১১ নং স্মারকপত্রের কতিপয় নির্দেশনা জারী করেছেন। তিনি কমিটির সদস্য সচিব উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পত্রটি পড়ে শোনানোসহ সভাপরিচালনা করার জন্য অনুরোধ জানান। সদস্য সচিব সবাইকে স্বাগত জানিয়ে মন্ত্রিপরিষদ বিভাগের পত্রটি পড়ে শোনান। তিনি বলেন, নিম্নলিখিত বিষয়গুলো আলোচনা করা প্রয়োজন :

- ০১। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত নির্দেশনাসমূহ মাইকিং করা
- ০২। গণপরিবহন বন্ধের বিষয়ে আলোচনা করা
- ০৩। আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার বিষয়ে আলোচনা করা
- ০৪। বিদেশ হতে কোন ব্যক্তি দেশে এলে তাৎক্ষণিক তার নাম-ঠিকানা, কোন দেশ থেকে এসেছে ইত্যাদি সংগ্রহপূর্বক সভাপতিকে অবহিত করা। এ বিষয়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ভূমিকা রাখার বিষয়ে আলোচনা
- ০৫। সন্ধ্যা ০৬.০০ হতে ভোর ০৬.০০টা পর্যন্ত বাড়ির বাইরে বের না হওয়ার বিষয়ে আলোচনা
- ০৬। কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি উন্মুক্ত স্থানে ক্রয়-বিক্রয়ের বিষয়ে আলোচনা

উল্লেখিত বিষয়সমূহ বিস্তারিতভাবে আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হলো :

গৃহীত সিদ্ধান্তসমূহ :

- ১) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণয়নকৃত নির্দেশনাসমূহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ কর্তৃক আবশ্যিকভাবে তার এলাকায় নিয়মিত মাইকিং করা।

- ২) গনপরিবহন বন্ধের বিষয়ে নিয়ন্ত্রিত মোবাইল কোর্ট পরিচালনা করা।
- ৩) আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখার বিষয়ে অফিসার ইনচার্জ কর্তৃক সমগ্র উপজেলায় টহল জোরদার করা।
- ৪) বিদেশ থেকে কোন ব্যক্তি দেশে এলে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণ তালিকা প্রস্তুতপূর্বক সভাপতির কার্যালয়ে পৌঁছে দেবে।
- ৫) কাঁচাবাজার এবং নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি উন্মুক্ত স্থানে ক্রয়-বিক্রয়ের বিষয়ে উপজেলা শিল্প ও বণিক সমিতি প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।



(শেখ নুরুল আলম)
 উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
 কালুখালী, রাজবাড়ী।
 মোবা: ০১৭৩৩৩৩৬৪০৬
 ই-মেইল-unokalukhali.mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৩০.৮২৪৭.০০৫.০৪.০১১.২০২০- ৬০২(২০)

তারিখ: ০৪/২০২১ খ্রি:।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

- ০১। জেলা প্রশাসক, রাজবাড়ী।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালুখালী, রাজবাড়ী।
- ০৩। উপজেলা -----কর্মকর্তা, কালুখালী, রাজবাড়ী।
- ০৪। অফিসার ইনচার্জ, কালুখালী থানা, কালুখালী, রাজবাড়ী।
- ০৫। চেয়ারম্যান, -----ইউনিয়ন পরিষদ, কালুখালী, রাজবাড়ী।
- ০৬। সভাপতি, উপজেলা শিল্প ও বণিক সমিতি, কালুখালী, রাজবাড়ী।
- ০৭। অফিস কপি।



উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
 কালুখালী, রাজবাড়ী।
 মোবাইল নং: ০১৭৩৩৩৩৬৪০৬